# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি

Bangladesh Class-III Govt. Employee's Association

(একটি অরাজনৈতিক শ্রেণী ভিত্তিক পেশাজীবি সংগঠন)

## ঢাকা মহানগর কমিটি

অস্থায়ী কার্যালয় ঃ কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির কার্যালয়,
শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী(সাত রাস্তার মোড়), তেজগাঁও, ঢাকা

নং-বাতৃশ্রসকস/ঢামক/২০১২/০৩(৭৫) তারিখঃ ১৭/১২/১২

## সভার কার্যবিবরণী

অদ্য ১০ নভেম্বর'২০১২ রোজ শনিবার বিকাল ৩.৩০ ঘটিকায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি, ঢাকা মহানগর কমিটির ৩য় সভা কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির কার্যালয়, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী(সাত রাস্তার মোড়), তেজগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হয়।

ঢাকা মহানগর কমিটির সভাপতির সম্মতিক্রমে সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি, ঢাকা মহানগর কমিটির সহ-সভাপতি, জনাব আবুল কালাম আজাদ। সভার সভাপতি ও সাধারণ সম্পাদকের সম্মতিক্রমে সভা পরিচালনার দায়িত্ব পালন করেন যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব খোরশেদ আলম ।

পবিত্র কোরআন থেকে তেলোয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব খোরশেদ আলম।

আলোচ্যসূচী ঃ (ক) পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন (খ) ঢাকা মহানগর কমিটির যে সকল নেতৃবৃন্দ ২০/১০/২০১২ ইং তারিখে শপথ গ্রহণ করেন নাই, তাঁদের শপথ গ্রহণ। (গ) ২৯/০৯/২০১২ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তাবলী বাস্তবায়ন সম্পর্কে আলোচনা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ (ঘ) ঢাকা মহানগর কমিটিকে সাংগঠনিকভাবে শক্তিশালী করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ, (গ) বিবিধ।

সভার প্রারম্ভে সমিতির সভাপতি জনাব আব্দুল মান্নান হাজারভী নবনিযুক্ত অতিরিক্ত সাধারণ সম্পাদক জনাব কবির আহমদ মজুমদার ও যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব মোঃ আলমগীর হোসেনকে স্বাগত জানান এবং জনাব কবির আহমদ মজুমদারকে শপথ বাক্য পাঠ করান। তৎপরবর্তীতে বিগত ২৯/০৯/২০১২ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব খোরশেদ আলম। সভায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। সভায় আলোচ্যসূচী ভিত্তিক বক্তব্য উপস্থাপন করার জন্য যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব খোরশেদ আলম উপস্থিত নেতৃবৃন্দকে আহবান করেন। বিগত ২৯/০৯/২০১২ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমিতির সভাপতি জনাব আব্দুল মান্নান হাজারভী ও সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝি ঢাকা মহানগর আঞ্চলিক কমিটি গঠন ও সকল দপ্তর/অধিদপ্তরে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতির কার্যক্রম সম্প্রসারণ করার লক্ষ্যে অক্টোবর'২০১২ ইং মাসে বিভিন্ন অঞ্চলে গমন করেন এবং যে সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করেন, তাহা সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচী ভিত্তিক বক্তব্য উপস্থাপন করেন সমিতির সম্মানিত অতিরিক্ত সাধারণ সম্পাদক জনাব কবির আহমদ মজুমদার, যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব মোঃ আলমগীর হোসেন, অঞ্চল-২ এর আহ্বায়ক জনাব মোঃ আবদুল ওয়াদুদ, সহ-সভাপতি জনাব মোঃ ওবায়দুল হক, যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব মোঃ জুলফিকার হায়দার, সাংগঠনিক সম্পাদক জনাব মোঃ মারুফ সারোয়ার, দপ্তর সম্পাদক জনাব মোঃ আশরাফুল ইসলাম, প্রচার সম্পাদক জনাব মোঃ মনির হোসেন, অঞ্চল-১০ এর সভাপতি জনাব মোঃ রায়হান কবির, যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব খোরশেদ আলম, নির্বাহী সদস্য জনাব মোঃ ইস্কান্দার আলী খান, সাংগঠনিক সম্পাদক জনাব মোঃ মোজাম্মেল আলিম, সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝি, কার্যকরী সভাপতি জনাব মোঃ হারুন উর রশীদ, সমিতির সভাপতি জনাব আব্দুল মান্নান হাজারভী প্রমুখ।

সভায় উপরোক্ত বক্তাগণ নভেম্বর'২০১২ মাসের মধ্যে সকল অঞ্চলে পূর্ণাংগ আঞ্চলিক কমিটি গঠন এবং আগামী ডিসেম্বর'২০১২ তারিখের মধ্যে ঢাকা মহানগরীতে অবস্থিত সকল সরকারী দপ্তরে কর্মরত তৃতীয় শ্রেণী কর্মচারীগণকে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতিতে সম্পৃক্ত করার কার্যকরী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বক্তব্য ও পরামর্শ প্রদান করেন।

সভায় নেতৃবৃন্দের বিষয় ভিত্তিক ও গঠনমূলক আলোচনা ও পরামর্শ পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ-

## গৃহীত সিদ্ধান্তাবলী ঃ

(০১) ঢাকা মহানগর কমিটিকে অভিষেক অনুষ্ঠান অনুষ্ঠিত করার মাধ্যমে অভিষিক্ত করার জন্য কেনিপকে কৃতজ্ঞতার সহিত ধন্যবাদ জ্ঞাপনকরা হয়।

(০২) নভেম্বর'২০১২ তারিখের মধ্যে ১১টি অঞ্চলে সভা অনুষ্ঠান ও পূর্ণাংগ আঞ্চলিক কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণে জন্য অদ্যকার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৩) আঞ্চলিক কমিটি গঠনের লক্ষ্যে অঞ্চল ভিত্তিক নির্দিষ্ট তারিখ নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৪) আগামী ডিসেম্বরের শেষের দিকে অথবা জানুয়ারীর প্রথম দিকে সাধারণ সভা করা এবং সাধারণ সভা উপলক্ষ্যে ম্যাগাজিন প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।।

(০৫) অঞ্চল-১০ এর নবগঠিত আঞ্চলিক কমিটিকে অনুমোদন দেওয়ার জন্য কেনিককে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৬) মহানগর কমিটির শূন্য পদসমূহে মনোনয়ন প্রদানে কেনিপকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।।,

(০৭) মহানগর কমিটির সদস্যদের মধ্যে সমিতির গঠনতন্ত্র ও সমিতির দাবীনামার কপি বিতরণ করার জন্য কেনিপ থেকে সংগ্রহ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৮) পরবর্তী মাসিক সভা আগামী ০৮/১২/২০১২ তারিখে নির্ধারণ করা হয়।

(০৯) সমিতির ব্যাংক হিসাব খোলার ব্যবস্থা করা এবং মাসিক চাঁদা দ্রুত পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(১০) গণ মাধ্যমের সাথে নিয়মিত যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(১১) আঞ্চলিক কমিটিগুলোর তালিকা সাধারণ সম্পাদকের নিকট অনতিবিলম্বে প্রেরণের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(১২) মাসিক মিটিং-এ পর পর তিন সভায় অনুপস্থিত নেতৃবৃন্দের তালিকা কেনিপে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(১৩) কেনিপের সহ-সভাপতি জনাব নাজমা আক্তার-এর মেয়ের অসুস্থ্যতার জন্য দোয়া করা হয়।

(১৪) বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি মহানগর কমিটির পক্ষ হইতে বাৎসরিক বনভোজনের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(১৫) মহানগর কমিটির যে সকল নেতৃবৃন্দ শপথ গ্রহণ করেন নাই, পরবর্তীতে তাঁদের শপথ গ্রহণের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(১৬) ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য ১১টি অঞ্চলের নিম্নলিখিত ১১জন নেতৃবৃন্দের সহিত সংশ্লিষ্ট সকলকে যোগাযোগ করার জন্য অদ্যকার সভায় অনুরোধ করিতেছে ঃ-

| ক্রমিক নং | নেতৃবৃন্দের নাম | অঞ্চল নং | সাংগঠনিক পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১। | জনাব খোরশেদ আলম | ১ | যুগ্ম-সাধারণ সম্পাদক | ০১৯১৪-৮৮১৬৫৬ |
| ২। | জনাব মোঃ মোজাম্মেল আলীম | ২ | সাংগঠনিক সম্পাদক | ০১৬৭০-৪৬৮৪৪৪ |
| ৩। | জনাব মোঃ জুলফিকার হায়দার | ৩ | যুগ্ম-সাধারণ সম্পাদক | ০১৮১৫-৭১২১৮৫ |
| ৪। | জনাব মোঃ হারুনার রশিদ | ৪ | সহ-সভাপতি | ০১৭১৪-২২২০১২ |
| ৫। | জনাব মোঃ খায়ের হোসেন | ৫ | নির্বাহী সদস্য | ০১৭১৫-৪৯৪৬৫৯ |
| ৬। | জনাব মোঃ মারুফ সারোয়ার | ৬ | সাংগঠনিক সম্পাদক | ০১৭৪৫-২৭২০৮৫ |
| ৭। | জনাব মোঃ আশরাফুল ইসলাম | ৭ | দপ্তর সম্পাদক | ০১৭১৬-১৩১১২২ |
| ৮। | জনাব মোঃ মাহাবুব হক তালুকদার | ৮ | অর্থ সম্পাদক | ০১৭১৮-৫৬০৭৭৭ |
| ৯। | জনাব মোঃ আবদুর রহিম | ৯ | যুগ্ম-সাধারণ সম্পাদক | ০১৯১৪-৫৭১৪৯১ |
| ১০। | জনাব মোঃ খতিবুর রহমান | ১০ | সহ-সভাপতি | ০১৭১৬-০৩২৪০৬ |
| ১১। | জনাব নাজমুল আলম শাহিন | ১১ | সাংগঠনিক সম্পাদক | ০১৮১৬-৭৩৮৪৯৬ |

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে আপ্যায়ন করায় মহানগর কমিটির কার্যকরী সভাপতি জনাব মোঃ হারুন উর রশীদকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে সভার সভাপতি সকলকে দীর্ঘক্ষণ সভায় উপস্থিত থাকিয়া ধৈর্য্য সহকারে বক্তব্য শ্রবন, মূল্যবান মতামত প্রদান এবং সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদানের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করতঃ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবুল কালাম আজাদ)
সভার সভাপতি
০১৫৫২-৩৭৭৯৪০

নং-

তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

০১। সভাপতি/মহা-সচিব, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি।

০২। জনাব/জনাব.............................................................................................................
ঢাকা মহানগর কমিটি, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি।

০৩। সভাপতি/সাধারণ সম্পাদক/আহ্বায়ক/সদস্য-সচিব, আঞ্চলিক কমিটি, (অঞ্চল নং......) বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি।

০৪। জনাব/জনাবা ......................................................................................................

০৫। অফিস কপি।

(মোঃ রমিজ উদ্দিন মাঝি)
সাধারণ সম্পাদক
০১৫৫২-৪০১৮৯৩
০১৭১২-৩০৭৮৭৩